প্রভাব মূল্যায়নের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

প্রকল্পের নামঃ
“ঢাকা মহানগরীতে ফ্লাইওভার ব্রীজ নির্মাণ [মগবাজার-মৌচাক (সমন্বিত) ফ্লাইওভার নির্মাণ]”-শীর্ষক সমাপ্ত প্রকল্প

সেক্টর-৩ (স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন)
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ণ বিভাগ (আইএমইডি)
পরিকল্পনা মন্ত্রণালয়

প্রভাব মূল্যায়নের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণী:

১	প্রকল্পের নাম	:	**"ঢাকা মহানগরীতে ফ্লাইওভার ব্রীজ নির্মাণ [মগবাজার-মৌচাক (সমন্বিত) ফ্লাইওভার নির্মাণ]"-শীর্ষক সমাপ্ত প্রকল্প।**
২	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ।
৩	বাস্তবায়নকারী সংস্থা	:	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)।
৪	প্রকল্পের অবস্থান	:	ঢাকা মহানগরীর মগবাজার, মৌচাক এবং তেজগাঁও এলাকা।

৫. প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল:

প্রাক্কলিত ব্যয়		পরিকল্পিত বাস্তবায়নকাল	
মূল	সর্বশেষ সংশোধিত	মূল	সর্বশেষ সংশোধিত
মোট টাকা প্রঃ সাঃ	মোট টাকা প্রঃ সাঃ		
১	২	৩	৪
৭৭২৭০.০০ ২০০৪৭.৩১ ৫৭২২২.৬৯	১২১৮৮৯.৬৯ ৪৪২৭৩.০১ ৭৭৬১৬.৬৮	জানুয়ারি ২০১১ হতে ডিসেম্বর, ২০১৩	জানুয়ারি, ২০১১ হতে সেপ্টেম্বর, ২০১৭

৬. প্রকল্পের উদ্দেশ্যঃ

- ঢাকা মহানগরীর প্রকল্প এলাকার ট্রাফিক জ্যাম হ্রাসকরণের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন।

৭. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গসমূহঃ

- জমি অধিগ্রহণ-৪০ শতাংশ;
- অবকাঠামো অধিগ্রহণ-৩৮৪৩ বর্গমিটার;
- ফ্লাইওভার নির্মাণ-৮৭০০ মিটার।

খ. পরামর্শকের কার্যপরিধি (TOR) :

৫.০ **পরামর্শকের দায়িত্বঃ**

৫.১ প্রকল্পের বিবরণ (প্রকল্পের নাম, উদ্যোগী মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয়, বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন, প্রকল্প এলাকা নির্বাচনে যৌক্তিকতা, প্রকল্পের উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, অর্থায়ন, অর্থ ছাড়, বিল পরিশোধ, প্রকল্পের পটভূমি ইত্যাদি সংশ্লিষ্ট সকল তথ্য পর্যালোচনা);

৫.২ প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশ,বিশ্লেষণ, সারণী/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৫.৩ প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জিত অগ্রগতি, ফলাফল ও প্রভাব বিশ্লেষণ ও পর্যালোচনা;

৫.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইড লাইনস্ ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে কি না তা' পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এ ক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা করা বাঞ্চনীয়; আরডিপি/ডিপিপি-তে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙ্গা হয়েছে কিনা, ভাঙ্গা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা' পরীক্ষা করা প্রয়োজন);

৫.৫ প্রকল্পের আওতায় সংগৃহিত পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষাঙ্গিক বিষয়াদি নিয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং ToR অনুযায়ী পরামর্শক সেবা অর্জিত হয়েছে কিনা তা' পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৫.৬ প্রকল্পের আওতায় সংগৃহিত পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত BoQ অনুযায়ী পরিমাণ সংগ্রহ এবং স্পেসিফিকেশন অনুযায়ী গুণগত মান নিশ্চিত করা হয়েছে কিনা তা' পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এ ক্ষেত্রে স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান নিশ্চিত করা হয়েছে কিনা তা মাঠ পর্যায় হতে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে পরীক্ষার মাধ্যমে যাচাই করা বাঞ্চনীয়। এছাড়া মাঠ পর্যায় হতে সরেজমিন পরিদর্শনের Individual Interview, KII (Key Informant Information) & FGD (Focus Group Discussion) মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে);

৫.৭ ডিপিপি/আরডিপিপি-তে বছরভিত্তিক কর্মপরিকল্পনা ও অর্থ চাহিদার প্রাক্কলন যৌক্তিকতা এবং প্রকল্পের শুরু হতে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে কিনা তা' পরীক্ষা করা; পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা' চিহ্নিত করে প্রতিকারে পরামর্শ এবং ভবিষ্যতের জন্য সুপারিশ প্রদান;

৫.৮ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন: ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর, অর্থায়নে বিলম্ব, প্রকল্প বাস্তবায়ন অর্থাৎ পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় দুর্বলতা, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৫.৯ প্রকল্পের exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;

৫.১০ প্রকল্পের SWOT বিশ্লেষণ; এক্ষত্রে সার্বিকভাবে চিহ্নিত সবলতা, ত্রুটি, দূর্বলতা বা অসঙ্গতি পর্যালোচনা ও ত্রুটি, দূর্বলতা উত্তোরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

৫.১১ আর্থ-সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় প্রকল্পটি গ্রহণের যৌক্তিকতা যাচাই;

৫.১২ প্রকল্পের আওতায় সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) করার লক্ষ্যে গৃহীত ব্যবস্থাদি পর্যালোচনা ও মতামত প্রদান;

৫.১৩ প্রকল্প সংশ্লিষ্ট প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা ও প্রয়োজনীয় সুপারিশ; এবং

৫.১৪ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

৬.০ ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র: নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক/ পরামর্শক প্রতিষ্ঠান	-	• গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা;
২)	ক) টিমলিডার	সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক অথবা স্নাতকোত্তর ডিগ্রী; মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	• গবেষণা/স্ট্যাডি পরিচালনায় কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; • সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং টিমলিডার হিসেবে কমপক্ষে ৩ (তিন)টি সমজাতীয় স্ট্যাডি পরিচালনা করার অভিজ্ঞতা; • ফ্লাইওভার সংশ্লিষ্ট অবকাঠামো নির্মাণ বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ), পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) ও ইজিপি-এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা ; • কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, SPSS সহ অন্যান্য Statistical Software Package-এ বিশেষ দক্ষতা; • উপস্থপনা দক্ষতা (Presentation Skill)
	খ) মিড-লেভেল ইঞ্জিঃ	নূন্যতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি	• সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; • পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ), পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) ও ইজিপি-এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা; • কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, প্রতিবেদন প্রণয়নে বিশেষ দক্ষতা;

	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	ডেভেলপমেন্ট স্ট্যাডিজ/উন্নয়ন অর্থনীতি/ অর্থনীতি/সমাজবিজ্ঞান / পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• গবেষণা/স্ট্যাডি পরিচালনায় কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন সংশ্লিষ্ট আর্থ-সামাজিক গবেষণায় কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা; • ক্যাপাসিটি বিল্ডিং ও নগর পরিচালন বিষয়ে অভিজ্ঞতা থাকতে হবে; • বিভিন্ন Statistical Software Package পরিচালনায় দক্ষতা;
	ঘ) ডাটা ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ	পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	• ডাটা ম্যানেজমেন্ট সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা; • বিভিন্ন Statistical Software Package পরিচালনায় দক্ষতা;

৭.০ নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

ক্র: নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	মন্তব্য
১)	ইনসেপশন রির্পোট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে	
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	
৪)	চূড়ান্ত খসড়া প্রতিবেদন (বাংলায় ০৩ কপি ও ইংরেজীতে ০৫ কপি)	চুক্তি সম্পাদনের ১০ দিনের মধ্যে	
৫)	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজীতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	

৮.০ ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন, আরডিপি/ডিপিপি);
- প্রকল্প সমাপ্ত প্রতিবেদন।

মোঃ বশীর আহাম্মেদ
সহকারী পরিচালক
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার